



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



প্রেস রিলিজ

২৪ সেপ্টেম্বর ২০২২

বাউবি'র বরিশাল আঞ্চলিক কেন্দ্রে তথ্য অধিকার আইন ও স্থানীয় প্রাসঙ্গিকতা শীর্ষক কর্মশালা



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বরিশাল আঞ্চলিক কেন্দ্রে সম্মেলন কক্ষে আজ শনিবার, ২৪ সেপ্টেম্বর ২০২২ তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি কর্তৃক আয়োজিত তথ্য অধিকার আইন: স্থানীয় প্রাসঙ্গিকতা শীর্ষক দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রো-উপাচার্য অধ্যাপক ড. মাহবুবা নাসরীন তথ্য প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষার্থী এবং অংশীজনদেরকে স্পষ্ট তথ্য প্রদানের জন্য বাউবি'র সমন্বয়কারী ও কর্মকর্তাদের আহবান জানান। প্রাতিষ্ঠানিক স্বচ্ছতা, জবাবদিহিতা শক্তিশালী করার লক্ষ্যে তথ্য অধিকার আইন মেনে বাউবি কাজ করে যাচ্ছে। এতে সুশাসন প্রতিষ্ঠা হবে। তিনি আরো বলেন টেকসই উন্নয়নের জন্য সমাজের কাউকে পিছিয়ে রাখা যাবে না। শিক্ষার্থীদেরকে নিজের সন্তানের মত করে সেবা প্রদানের জন্য সমন্বয়কারীদের অনুরোধ জানান। বরিশাল আঞ্চলিক কেন্দ্রের আঞ্চলিক পরিচালক ড. মো: আজিজুল হক এর সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বরিশাল বিভাগের অতিরিক্ত বিভাগীয় কমিশনার খন্দকার আনোয়ার হোসেন, উপ-পুলিশ কমিশনার মো: নজরুল হোসেন, বরিশাল থেকে প্রকাশিত দৈনিক আজকের পরিবর্তন পত্রিকার সম্পাদক ও প্রকাশক কাজী মিরাজ মাহমুদ। রিসোর্সপার্সন হিসেবে তথ্য অধিকার বিষয়ে বিভিন্ন দিক উপস্থাপন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের সহকারী অধ্যাপক সুপ্রভাত হালদার ও জেলা সহকারী তথ্য কর্মকর্তা লেলিনা বালা। কর্মশালায় শুভেচ্ছা বক্তব্য এবং তথ্য অধিকার আইন-২০০৯, প্রাতিষ্ঠানিক প্রাসঙ্গিকতা ও আমাদের প্রত্যয় সম্পর্কে উপস্থাপনা করেন বাউবি'র তথ্য গণসংযোগ বিভাগের ভারপ্রাপ্ত পরিচালক ড. আ. ফ. ম মেজবাহ উদ্দিন। কর্মশালায় বরিশাল আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তা ও সমন্বয়কারীগণ স্থানীয় পর্যায়ে তথ্য প্রদানের বিভিন্ন বিষয় নিয়ে মুক্ত আলোচনায় অংশ নেন। তারা এ কর্মশালার মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা সম্পর্কে অভিজ্ঞতা লাভ করায় শিক্ষার্থী ও অংশীজনদের তথ্য প্রদানের ক্ষেত্রে সহায়ক হবে বলে উল্লেখ করেন। অনুষ্ঠান সম্বলনা করেন বাউবি'র ঝালকাঠি উপ-আঞ্চলিক কেন্দ্রের উপ-আঞ্চলিক পরিচালক ড. মো: আসাদুল ইসলাম। কর্মশালায় বরিশাল আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তা ও বিভিন্ন প্রোগ্রামের সমন্বয়কারীসহ ৩০ জন অংশগ্রহণ করেন।

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)
পরিচালক (ভারপ্রাপ্ত)